

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ২০২ ৪/ আন্তরিক কর্মাবলী পরিচ্ছেদঃ দৃঢ়-প্রত্যয় ও (আল্লাহর প্রতি) ভরসা

আরবী

عَنْ أَبِيْ عُمَارَةَ البَرَاءِ بنِ عَازِبٍ رَضِيَ اللهُ عَنهُمَا قَالَ : قَالَ رَسُولُ اللهِ عَلَيْ يَا فُلانُ إِذَا أُويْتَ إِلَى فِرَاشِكَ فَقُل : اَللّٰهُمَّ أَسْلَمتُ نَفْسي إلَيْكَ وَوَجَّهتُ وَجْهِي إلَيْكَ وَفَوَّضتُ أَمْرِي أَوَيْتَ أَلِيْكَ وَفَوَّضتُ أَمْرِي إلَيْكَ رَغبَةً وَرَهبَةً إلَيْكَ لا مَلْجَأ وَلاَ مَنْجَا مِنْكَ إِلاَّ إلَيْكَ آمنْتُ إلَيْكَ وَأَلجأْتُ ظَهري إلَيْكَ رَغبَةً وَرَهبَةً إلَيْكَ لا مَلْجَأ وَلاَ مَنْجَا مِنْكَ إِلاَّ إلَيْكَ آمنْتُ بِكِتَابِكَ الَّذِي أَنْزَلْتَ وَنَبِيِّكَ الَّذِي أَرْسَلْتَ فَإِنَّكَ إِنْ مِتَّ مِنْ لَيلَتِكَ مِتَّ عَلَى الفِطْرَةِ وَإِنْ أَصْبُتَ خَيراً مُتَّفَقٌ عَلَيهِ

وفي رواية في الصحيحين عَن البراءِ قَالَ: قَالَ لِي رَسُولَ الله عَلَيْ إِذَا أَتَيْتَ مَضْجِعَكَ فَتَوَضَّأُ وُضُوءَكَ للصَّلاةِ ثُمَّ اصْطُجعْ عَلَى شِقِّكَ الأَيمَنِ وَقُلْ وذَكَرَ نَحْوَهُ ثُمَّ قَالَ: وَاجْعَلْهُنَّ آخِرَ مَا تَقُولُ

বাংলা

(২০২) বারা ইবনে আযেব (রাঃ) হতে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, হে অমুক! তুমি যখন বিছানায় শোবে, তখন (এই দু'আ) পড়, যার অর্থঃ

হে আল্লাহ! আমি আমার আত্মা তোমাকে সঁপে দিলাম, আমার চেহারা তোমার দিকে ফিরিয়ে দিলাম, আমার ব্যাপার তোমাকে সঁপে দিলাম এবং আমার পিঠ তোমার দিকে লাগিয়ে দিলাম; তোমার (জারাতের) আগ্রহে ও (জাহারামের) ভয়ে। তুমি ছাড়া কোন আশ্রয়স্থল ও পরিত্রাণস্থল নেই। আমি সেই কিতাবের প্রতি ঈমান আনলাম যেটি তুমি অবতীর্ণ করেছ এবং সেই রসূলের প্রতি যাঁকে তুমি পাঠিয়েছ।

(অবশেষে তিনি বলেন,) অতঃপর তুমি যদি সেই রাতে মৃত্যুবরণ কর, তাহলে তুমি ইসলামের উপর মৃত্যুবরণ করবে। আর যদি তুমি সকালে ওঠ তবে, তুমি (এর) উপকার পাবে।"

বারা ইবনে আযেব থেকেই বুখারী ও মুসলিমের অন্য বর্ণনায় আছে, তিনি বলেন যে, আমাকে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, যখন তুমি (রাতে শোবার জন্য) বিছানায় যাবে, তখন তুমি নামাযের মত ওয়ু কর। তারপর ডানপাশে শুয়ে যাও এবং (উপরোক্ত দু'আ) পড়। পুনরায় তিনি বললেন, তুমি উপরোক্ত দু'আটি তোমার



শেষ কথা কর। (অর্থাৎ, এই দু'আ পড়ার পর অন্য দু'আ পড়বে না বা কোন কথা বলবে না)।

ফুটনোট

(বুখারী ২৪৭, মুসলিম ৭০৫৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ বারা'আ ইবনু আযিব (রাঃ)

 ${\color{red} {\it O}} {\it Link-https://www.hadithbd.com/hadith/link/?id=63447}$

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন